

এথেন্স ১৯ অক্টোবর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

**আশ্রয় কার্যালয়ের বৈদ্যুতনিক প্লাটফর্মটি আরো শক্তিশালী করা হলো –
বৈদ্যুতনিক অ্যাপোয়েন্টমেন্ট এর মাধ্যমে জনসাধারণকে সেবা দেওয়া হবে**

অভিবাসন ও আশ্রয় মন্ত্রণালয় নতুন ডিজিটাল পোর্টাল (applications.migration.gov.gr) এর মাধ্যমে শক্তিশালী করা হয়েছে। আগামীকাল, মঙ্গলবার ২০/১০/২০২০ সাল থেকে আশ্রয়প্রার্থীদের বৈদ্যুতনিক অ্যাপোয়েন্টমেন্ট নেওয়ার সুযোগ দেওয়া হয়েছে, এবং এটির উপর জোর দেওয়া হয়েছে যে, আশ্রয় কার্যালয় **শুধুমাত্র অ্যাপোয়েন্টমেন্ট এর মাধ্যমে জনসাধারণকে সেবা প্রদান করবে।**

ইতিমধ্যে, অ্যাপোয়েন্টমেন্ট দ্বারা যে সেবাগুলো দেওয়া হচ্ছে:

- নির্ধারিত সাক্ষাৎকার
- নির্ধারিত নিবন্ধন
- পারিবারিক পুনর্মিলনের মামলা সাথে সম্পর্কিত দলিল পত্র জমা করা
(ডাবলিন কেস)

ব্যতিক্রমধর্মী হলো, আপিল আবেদনের বাধ্যতামূলক সময়সীমা থাকার কারণে অ্যাপোয়েন্টমেন্ট ছাড়াই আপিল আবেদন জমা করা যাবে।

একইসাথে, জুন ২০২০ সাল থেকে ব্যক্তিগত উপস্থিতির প্রয়োজন ছাড়াই অনেক কার্যালয় বৈদ্যুতনিক প্রক্রিয়ায় সেবা দিয়ে যাচ্ছে। যেমন:

- যোগাযোগের তথ্য বিবরণী পরিবর্তন
- পরিচয় পত্রের তথ্য পরিবর্তন
- সাক্ষাৎকার স্থগিত / স্থগিত করা করার জন্য আবেদন
- আবেদনের স্থিতি জানতে আবেদন

- ফাইল পৃথকীকরণের জন্য আবেদন
- দলিল জমা দেওয়ার জন্য আবেদন
- অনুলিপি প্রদানের জন্য আবেদন
- আইনী সহায়তার জন্য আবেদন
- পাইপা (ΠΑΑΥΠΑ) এর জন্য আবেদন

তাছাড়াও, আশ্রয় কার্যালয়গুলোতে ভিড় কমাতে আন্তর্জাতিক আশ্রয়ের আবেদনকারীদের (কার্ড) বৈধতা তাদের আশ্রয় মামলার নাম্বারের সংখ্যার উপর ভিত্তি করে ২রা নভেম্বর ২০২০ সাল থেকে ১৪ই জানুয়ারি ২০২১ সাল পর্যন্ত বাড়ানো হয়েছে।